

স্মারক নং ০৫.৪১.৫৬৪৬.০০০.০৪.০০৪.২৩- ৯৮৭

০৫ অগ্রহায়ণ ১৪৩০
তারিখ:-----
২০ নভেম্বর ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সদর উপজেলাধীন ০৩(তিন) টি ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশের (মহল্লাদার) ০৩(তিন) টি শূন্য পদে লোক নিয়োগের নিমিত্তে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগামী ০৬.১২.২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের জন্য কেবলমাত্র সদর উপজেলা, মানিকগঞ্জ এর শূন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে সরকার কর্তৃক নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। (স্ব স্ব ওয়ার্ডে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড থেকে লোক নিয়োগ করা হবে)। আবেদন ফরম ও নিয়োগ বিজ্ঞপ্তি এ কার্যালয়ের ওয়েব এড্রেস www.manikganjsadar.gov.bd এ পাওয়া যাবে।

শূন্য ওয়ার্ডের তালিকা:

ইউনিয়নের নাম	শূন্য ওয়ার্ড
জাগীর	৯
বেতিলা-মিতরা	৬
ভাড়ারিয়া	৭

ক্রমিক নং	পদের নাম	বেতন	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১।	গ্রাম পুলিশ (মহল্লাদার)	৬,৫০০/-	০৬ (ছয়) টি	৮ম শ্রেণী পাশ

- প্রার্থীর বয়স : ০৬.১২.২০২৩ তারিখে প্রার্থীর বয়স ১৮ বছর হতে ৩০ বছর হতে হবে। বীর মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর প্রযোজ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নহে। পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা কমপক্ষে ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ কমপক্ষে ৩২ ইঞ্চি, ওজন কমপক্ষে ৫০ কেজি হতে হবে। মহিলা প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ৫ ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি ও ওজন কমপক্ষে ৪৫ কেজি হতে হবে। বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে। প্রার্থীকে শারীরিক, মানসিক ক্রটিমুক্ত ও স্বাস্থ্যবান হতে হবে।
- উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর বরাবরে নিম্নবর্ণিত কাগজ পত্রাদিসহ আবেদনপত্র দাখিল করতে হবে।
 - ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর নিকট হতে ওয়ার্ড উল্লেখ পূর্বক নাগরিকত্ব সনদ পত্র।
 - প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক জন্ম সনদ ও এনআইডি এর সত্যায়িত ফটোকপি।
 - প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক মূল সনদ পত্র।
 - প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি।
 - সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি যা প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।
 - প্রার্থীকে ১০০/- (একশত) টাকার অফেরত যোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার যে কোন তফশীলভুক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর বরাবরে দাখিল করতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত তারিখের পরে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকেই তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।
- খামের উপরে মোটা অক্ষরে প্রার্থীর পদের নাম ও ওয়ার্ড নং স্পষ্ট করে উল্লেখ করতে হবে।
- পরীক্ষা বা সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- নিয়োগ প্রাপ্ত গ্রাম পুলিশদের বিধি মোতাবেক বেতন ভাতা ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে।

- ৮। আবেদনকারীকে চাকুরী প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নহেন।
৯। নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল কিংবা এর অংশ বিশেষ সংশোধন/সংযোজন এর ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

Hom 20.11.23
(জ্যোতিষর পাল)
উপজেলা নির্বাহী অফিসার
মানিকগঞ্জ সদর
ফোন: ০২৯৯৬৬১০৫৩৯
মোবাইল : ০১৭১৩-৩৫৩৩১৬
Email: unomanikganj@mopa.gov.bd

স্মারক নং ০৫.৪১.৫৬৪৬.০০০.০৪.০০৪.২৩- ৯৮৭

০৫ অগ্রহায়ণ ১৪৩০
তারিখ:-----।
২০ নভেম্বর ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মানিকগঞ্জ।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ।
০৪। অফিসার ইনচার্জ, সদর থানা, মানিকগঞ্জ।
০৫। চেয়ারম্যান,.....ইউনিয়ন পরিষদ, মানিকগঞ্জ সদর (তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
০৬। জনাব মোহাম্মদ শরীফ হোসেন, উপ-প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মানিকগঞ্জ সদর (তাকে বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েব এড্রেস এ প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
০৭। নোটিশ বোর্ড

Hom 20.11.23
উপজেলা নির্বাহী অফিসার
মানিকগঞ্জ সদর